NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অব লাইসেন্সিং সার্ভিসেস
পি.ও. বক্স 22052
অ্যালবানি, NY 12201-2001
কাস্টমার সার্ভিস: (518) 474-7569
www.dos.ny.gov

আরমার্ড কার গার্ড আবেদন

আবেদনটি পূরণ করার আগে এই প্যাকেজের সমস্ত নির্দেশাবলী পুঙ্খানুপুঙ্খ পড়ুন। অসম্পূর্ণ ফর্ম ফেরত পাঠানো হবে। কোনো তথ্য বাদ দেওয়া, ভুল তথ্য দেওয়া বা সম্পূর্ণ তথ্য প্রকাশ করতে ব্যর্থতাকে একটি রেজিস্ট্রেশন অস্বীকার করার জন্য যথেষ্ট কারণ হিসাবে বিবেচিত হতে পারে বা এর ফলে একটি জারি করা রেজিস্ট্রেশন স্থগিত বা প্রত্যাহার করা হতে পারে।

সম্পূর্ণ করা আবেদনের সাথে এগুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে: *(আপনি সমস্ত প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত/সম্পূর্ণ করেছেন তা নিশ্চিত করতে এই চেকলিস্টটি ব্যবহার করুন।)*

- সম্পূর্ণ, স্বাক্ষরিত আবেদন;
- স্বাক্ষরিত DMV অবহিত সম্মতি;
- রসিদ যা একটি অনুমোদিত ভেন্ডরের দ্বারা ইলেকট্রনিক ফিঙ্গারপ্রিন্টিংয়ের প্রমাণ প্রদান করে
- $50 আবেদন ফী, NYS ডিপার্টমেন্ট অফ স্টেটের কাছে প্রদেয়। দেখুন "আবেদনের প্রয়োজনীয়তা -গ্রহণযোগ্য পেমেন্ট পদ্ধতি;"
- 47 ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণের কোর্স সমাপ্তির সার্টিফিকেট (যদি না মওকুফ করা হয়);
- আবেদনপত্রের কোনো নির্দিষ্ট প্রশ্নের উত্তরে অনুরোধ করা কোনো অতিরিক্ত কাগজপত্র

আবেদনের প্রয়োজনীয়তা:

আরমার্ড কার গার্ডের দায়িত্ব:

সাধারণ ব্যবসায়িক আইন অনুসারে, একজন আরমার্ড কার গার্ড হল লাইসেন্সপ্রাপ্ত আরমার্ড কারের একজন কর্মচারী যিনি বুলেটপ্রুফ আরমার্ড কার ***ব্যবহার*** করে: (1) নিরাপদ পরিবহন প্রদান করেন; (2) এক স্থান থেকে অন্য স্থানে পরিবহনের সময় মূল্যবান পণ্যসম্ভার রক্ষা করেন; **অথবা** (3) অটোম্যাটেড টেলার মেশিনের জন্য নগদ সরবরাহ করার পরিষেবা প্রদান করেন। অতিরিক্তভাবে, একটি আরমার্ড কার গার্ডের কাছে আগ্নেয়াস্ত্র থাকে বা ব্যাবহার করার অনুমতি থাকে।

যে আরমার্ড কার কর্মচারী একটি আরমার্ড কার চালাতে বা চড়তে পারে কিন্তু আগ্নেয়াস্ত্র নেই বা রাখার অধিকার নেই তারা এই আইনের অধস্তন নয় এবং তাদের নিবন্ধন করার প্রয়োজন নেই।

আর্মার্ড কার গার্ড রেজিস্ট্রেশনের জন্য কাদের আবেদন করতে হবে?

সমস্ত ব্যক্তি যারা আর্মার্ড কার গার্ডের দায়িত্ব পালন করে তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ নিতে হবে এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের সাথে নিবন্ধন করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

একটি আর্মার্ড কার গার্ড হিসাবে নিবন্ধন করতে, আবেদনকারীদের অবশ্যই একটি আবেদন এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে যে তারা সফলভাবে 47-ঘন্টার আগ্নেয়াস্ত্র কোর্স সম্পন্ন করেছে। বিকল্পভাবে, 47-ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ কোর্স শেষ হওয়ার 180 দিনের মধ্যে গার্ডের আবেদন পাঠাতে হবে। আবেদনকারীকে একটি শর্তসাপেক্ষে অনুমোদনের চিঠি দেওয়া হবে যা তাকে আর্মার্ড কার গার্ড হিসাবে কাজ করার অনুমতি দেবে, আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণের সফল সমাপ্তি এবং কোনো প্রাসঙ্গিক অপরাধমূলক দোষী সাব্যস্ত না হওয়া সাপেক্ষে (আঙ্গুলের ছাপ জমা দেওয়ার পরে DCJS থেকে একটি রিপোর্ট দ্বারা নিশ্চিত হওয়ার পরে)।

47 ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করার পরে এবং আর্মার্ড কার গার্ড হিসাবে কাজ করার যোগ্যতা দেখানর করার পরে সেই ব্যক্তিকে একটি ফটো আইডি কার্ড দেওয়া হবে।

আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণের প্রয়োজনীয়তা:

আর্মার্ড কার গার্ডদের DCJS দ্বারা স্বীকৃত প্রশিক্ষণ প্রোগ্রামগুলি সম্পূর্ণ করা প্রয়োজনীয়, যার মধ্যে রয়েছে একটি 47-ঘন্টার আগ্নেয়াস্ত্র কোর্স এবং একটি 8-ঘন্টার আগ্নেয়াস্ত্র বার্ষিক ইন-সার্ভিস কোর্স।

আপনি DCJS-এর কাছে মওকুফের জন্য অনুরোধ করতে পারেন যদি আপনি তাদের বোঝাতে পারেন যে আপনি পূর্বে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন যা প্রয়োজনীয় 47 ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ পূরণ করে বা অতিক্রম করে। DCJS-কে (518) 457-4135 নম্বরে কল করার মাধ্যমে অথবা 80 সাউথ সোয়ান স্ট্রিট, ³ʸ তলা, আলবানি, NY 12210-8002-এ তাদের চিঠি দিয়ে, মওকুফ পাওয়া সম্ভব। অনুমোদিত হলে, তারা আবেদনের সাথে জমা দেওয়ার জন্য একটি মওকুফপত্র প্রদান করবে।

একটিভ ডিউটি পুলিশ অফিসার:

একটি আর্মার্ড কার গার্ড হিসাবে কাজ করার জন্য, একটিভ ডিউটি পুলিশ অফিসারদের অবশ্যই স্টেট ডিপার্টমেন্টের সাথে নিবন্ধন করতে হবে। একটিভ ডিউটি পুলিশ অফিসারদের কোন আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে না। আপনার আর্মার্ড কার গার্ড আবেদনের সাথে, আপনাকে অবশ্যই আপনার অবস্থানের একটি সার্টিফিকেট অন্তর্ভুক্ত করতে হবে। এটি প্রমাণ করবে যে আপনি ভাল অবস্থানে একজন একটিভ ডিউটি পুলিশ অফিসার। অবস্থানের প্রমাণীকরণ সার্টিফিকেটটিকে অবশ্যই অফিসিয়াল লেটারহেডে লিখতে হবে এবং এতে পুলিশের প্রধান বা পুলিশকর্মী অফিসারের স্বাক্ষর থাকতে হবে।

যারা পূর্বে পুলিশ অফিসার হিসাবে নিযুক্ত ছিলেন সেই ব্যক্তিদের বেসামরিক হিসাবে বিবেচনা করা হবে। গত পাঁচ বছরের মধ্যে অবসরপ্রাপ্ত একজন পুলিশ অফিসার, 47-ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ থেকে মওকুফের যোগ্য হতে পারেন। DCJS-কে (518) 457-4135 নম্বরে কল করার মাধ্যমে অথবা 80 সাউথ সোয়ান স্ট্রিট, ³ʸ তলা, আলবানি, NY 12210-8002-এ তাদের চিঠি দিয়ে, মওকুফ পাওয়া সম্ভব। অনুমোদিত হলে, তারা আবেদনের সাথে জমা দেওয়ার জন্য একটি মওকুফপত্র প্রদান করবে।

যে ব্যক্তিরা আর একটিভ ডিউটি পুলিশ অফিসার নন এবং মওকুফের জন্য যোগ্য নন, তাদের অবশ্যই 47-ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ করতে হবে।

আরমার্ড কার গার্ড আবেদন

পিস অফিসার:

একজন আর্মার্ড কার গার্ড হিসাবে কাজ করার জন্য, একটিভ ডিউটি পুলিশ অফিসারদের অবশ্যই স্টেট ডিপার্টমেন্টের সাথে নিবন্ধন করতে হবে। আপনি যদি ইতিমধ্যেই এমন প্রশিক্ষণ সম্পন্ন করে থাকেন যা প্রয়োজনীয় 47 ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণকে পূরণ করে বা অতিক্রম করে, তাহলে একটিভ ডিউটি পিস অফিসারদের আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ থেকে বাদ দেওয়া যেতে পারে।

একটিভ ডিউটি পিস অফিসার যারা সফলভাবে দীর্ঘ আগ্নেয়াস্ত্র বহনকারী পিস অফিসারদের জন্যে প্রাথমিক প্রশিক্ষণ সম্পন্ন করেছেন তারা তাদের আবেদনের সাথে তাদের কোর্সের সমাপ্তির সার্টিফিকেট জমা দিতে পারেন।

মৌলিক কোর্সের সার্টিফিকেট সেটির পূরণ হওয়ার তারিখ থেকে চার বছর পর্যন্ত বৈধ। যে অবসরপ্রাপ্ত পিস অফিসারদের দীর্ঘ আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ আছে, তারা মওকুফের জন্য যোগ্য হতে পারেন। DCJS-কে (518) 457-4135 নম্বরে কল করার মাধ্যমে অথবা 80 সাউথ সোয়ান স্ট্রিট, ³ʸ তলা, আলবানি, NY 12210-8002-এ তাদের চিঠি দিয়ে, মওকুফ পাওয়া সম্ভব। অনুমোদিত হলে, তারা আবেদনের সাথে জমা দেওয়ার জন্য একটি মওকুফপত্র প্রদান করবে।

আরমার্ড কার গার্ড আবেদন

47-ঘন্টার আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ কোর্সটি এমন যেকোনো ব্যক্তির জন্য প্রয়োজন যারা আর একটিভ ডিউটি পিস অফিসার নন, যাদের বৈধ মৌলিক কোর্সের সার্টিফিকেট নেই, বা যারা মওকুফের জন্য যোগ্য নয়।

রেজিস্ট্রেশনের ফী এবং মেয়াদ:

আর্মার্ড কার গার্ড রেজিস্ট্রেশনের জন্য আবেদন ফি হল $50.00, যা ফেরতযোগ্য নয় এবং NYS ডিপার্টমেন্ট অফ স্টেটকে দিতে হবে। এই রেজিস্ট্রেশন দুই বছরের জন্য বৈধ থাকবে। প্রতি দুই বছর অন্তরে পুনর্নবীকরণ করার ফি হল $50.00।

গ্রহণযোগ্য পেমেন্ট পদ্ধতি:

আপনি ডিপার্টমেন্ট অফ স্টেট কে প্রদান করার মতো করে চেক দিয়ে বা মানি অর্ডার মারফত অথবা একটি ক্রেডিট কার্ড অথরাইজেশন ফর্ম www.dos.ny.gov/forms/licensing/1450-f-a.pdf ব্যবহার করে মাস্টারকার্ড বা ভিসা-র মাধ্যমে পেমেন্ট করতে পারেন। নগদ অর্থ পাঠাবেন না। আবেদন ফি ফেরত যোগ্য নয় এবং আপনার ব্যাঙ্ক থেকে কোনো চেক ফেরত এলে $20 ফি চার্জ করা হবে।

দ্রষ্টব্য: অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি এই আবেদনটি ডাকযোগে পাঠানোর আগে প্রয়োজনীয় কাগজপত্র এবং NYS ডিপার্টমেন্ট অফ স্টেটের অফেরতযোগ্য আবেদন ফি অন্তর্ভুক্ত করেছেন। (সঠিক ডাক ঠিকানা এই আবেদনের সামনে লেখা রয়েছে।)

ফিঙ্গারপ্রিন্টের প্রয়োজনীয়তা:

আবেদনকারীদের, IdentoGo by IDEMIA-এর মাধ্যমে ইলেকট্রনিক ফিঙ্গারপ্রিন্টিংয়ের অ্যাক্সেস রয়েছে।

ইলেকট্রনিক ফিঙ্গারপ্রিন্টিং পদ্ধতি:

অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করুন: আবেদনকারীদের অবশ্যই IdentoGo by IDEMIA-এর সাথে অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করতে হবে। আপনার কাছাকাছি একটি অবস্থানে একটি অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করতে তাদের ওয়েবসাইট www.identogo.com দেখুন বা 877-472-6915 নম্বরে কল করুন। সময় নির্ধারণের জন্যে, আপনাকে অবশ্যই প্রয়োজনীয় পরিষেবা কোড 1545J5 ব্যবহার করতে হবে। *সঠিক লাইসেন্সের ধরন বা পরিষেবা কোড ব্যবহার করতে ব্যর্থ হলে পুনরায় মুদ্রণের প্রয়োজন হতে পারে।*

অ্যাপয়েন্টমেন্টে যা নিয়ে আসতে হবে: একটি গ্রহণযোগ্য পেমেন্ট পদ্ধতি সহ সনাক্তকরণের অনুমোদিত এবং গ্রহণযোগ্য রূপ (তালিকার জন্য, অনুগ্রহ করে www.dos.ny.gov/licensing/ fingerprinting.html দেখুন)।

ইলেকট্রনিক ফিঙ্গারপ্রিন্ট সম্পূর্ণ হওয়ার প্রমাণ: ফিঙ্গারপ্রিন্ট প্রসেস শেষ হলে, ভেন্ডর আপনাকে ফিঙ্গারপ্রিন্ট সম্পূর্ণ হওয়ার প্রমাণ হিসাবে দুটি রসিদ প্রদান করবে। সম্পূর্ণ আবেদনের সাথে একটি রসিদ অন্তর্ভুক্ত করুন। রসিদের দ্বিতীয় কপি আপনার নিয়োগকর্তার কাছে রাখতে হবে।

মনে রাখবেন: ফিঙ্গারপ্রিন্টের রসিদগুলি ফিঙ্গারপ্রিন্টের তারিখ থেকে 5 মাসের জন্য বৈধ। অনুগ্রহ করে ফিঙ্গারপ্রিন্টের তারিখ থেকে 5 মাসের মধ্যে আসল আবেদন জমা দিন। এই সময়ের মধ্যে আপনার আবেদন জমা দিতে ব্যর্থ হলে আপনাকে আবার ফিঙ্গারপ্রিন্টিং প্রসেস সম্পূর্ণ করতে হবে।

ফিঙ্গারপ্রিন্টের ফী:

ফিঙ্গারপ্রিন্টিংয়ের জন্য সমস্ত ফি (ইলেকট্রনিক এবং রোল্ড ফিঙ্গারপ্রিন্ট কার্ড পদ্ধতি সহ) IDEMIA-কে প্রদেয়।

- ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (DCJS) ফী: $75.00
- ফিঙ্গারপ্রিন্ট ভেন্ডরের প্রযোজ্য ফী (প্রতি বছরের জানুয়ারি এবং জুলাই মাসে পরিবর্তন হতে পারে)

www.dos.ny.gov/licensing ওয়েবসাইটে উপরের ডানদিকে "ই-ফিঙ্গারপ্রিন্টিং" লিঙ্কটি দেখুন।

গ্রহণযোগ্য পেমেন্ট পদ্ধতি:

ফিঙ্গারপ্রিন্টের ফী অবশ্যই চেক, মানি অর্ডার বা ক্রেডিট কার্ডের মাধ্যমে IdentoGo by IDEMIA-কে পেমেন্ট করতে হবে।

দ্রষ্টব্য: *ফিঙ্গারপ্রিন্টের ফী হল আবেদন ফী এর অতিরিক্ত।*

অতিরিক্ত প্রয়োজনীয়তা:

চাইল্ড সাপোর্ট বিবৃতি:

আপনার সন্তান থাক বা না থাক অথবা আপনার চাইল্ড সাপোর্ট বাধ্যবাধকতা থাক বা না থাক, নিউ ইয়র্ক স্টেটে চাইল্ড সাপোর্ট বিবৃতি মেনে চলা বাধ্যতামূলক (সাধারণ বাধ্যতামূলক আইন)। **এমন কোনো ব্যক্তি যার চাইল্ড সাপোর্ট প্রদান করার ক্ষেত্রে চার মাস বা তার বেশি সময়ের বকেয়া আছে, তার ব্যবসা, পেশা এবং ড্রাইভিং লাইসেন্স সাসপেন্ড করা হতে পারে।** চাইল্ড সাপোর্ট দেওয়ার আইনি বাধ্যবাধকতা বিফল বা ব্যর্থ করার জন্য ইচ্ছাকৃতভাবে লিখিত মিথ্যা বিবৃতি প্রদান করা হলে তা শাস্তিমূলক আইনের §175.35 অনুসারে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচনা করা হবে। জালিয়াতির উদ্দেশ্যে স্টেট বা স্থানীয় সরকারের কাছে মিথ্যা ডকুমেন্ট জমা করা হল 'E' শ্রেণির অপরাধ।

গোপনীয়তার বিজ্ঞপ্তি

স্টেট ডিপার্টমেন্টকে সমস্ত লাইসেন্সধারীদের ফেডারাল সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নম্বর সংগ্রহ করতে হবে। এই ধরনের ব্যক্তিগত তথ্য অনুরোধ এবং বজায় রাখার কর্তৃত্ব ট্যাক্স ল এর §5 এবং জেনারেল অবলিগেশনস আইন এর §3-503 এ পাওয়া যায়। আপনার তথ্য প্রকাশ করা বাধ্যতামূলক। ট্যাক্সেশন এবং ফাইন্যান্স বিভাগকে এমন ব্যক্তি, ব্যবসা এবং অন্যান্য সত্ত্বাকে সনাক্ত করতে, যারা তাদের ট্যাক্স রিটার্ন দাখিল করতে দেরী করেছে বা তাদের ট্যাক্স দায় অবমূল্যায়ন করেছে, সেইসাথে ট্যাক্সেশন এবং ফাইন্যান্স কমিশনার দ্বারা সংগ্রহের জন্য দায়ী করের দ্বারা সাধারণত প্রভাবিত লোকদের সনাক্ত করতে সাহায্য করার জন্য তথ্য সংগ্রহ করা হয়। এটি কর প্রশাসনের উদ্দেশ্যে এবং কর আইন দ্বারা অনুমোদিত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং চাইল্ড সাপোর্ট বলবৎকারী এজেন্সিগুলি বা সোশ্যাল সিকিউরিটি আইনের শীর্ষক IV-D অনুসারে প্রতিষ্ঠিত এই বা অন্যান্য স্টেটে তাদের অধিকারপ্রাপ্ত প্রতিনিধির সহায়তার একটি আদেশ প্রতিষ্ঠা, পরিবর্তন বা প্রয়োগ করতে ব্যবহার করতে পারে, তবে এটা জনসাধারণের জন্য উপলব্ধ হবে না। যেখানে কোনো নম্বর প্রদান করা হয়নি সেখানে তার একটি ব্যাখ্যা থাকা প্রয়োজন। এই তথ্য ওয়ান কমার্স প্লাজা, 99 ওয়াশিংটন অ্যাভেনিউ, অ্যালবানি, NY 12231-0001 ঠিকানায় ডাইরেক্টর অফ অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট দ্বারা লাইসেন্সিং ইনফরমেশন সিস্টেমে রক্ষণাবেক্ষণ করা হবে।

আপনি কি ভোট দেবার জন্য নিবন্ধন করতে চাইবেন?

অনুগ্রহ করে NY স্টেট বোর্ড অফ ইলেকশনের ওয়েবসাইট www.elections.ny.gov/votingregister.html দেখুন অথবা একটি NYS ভোটার নিবন্ধন ফর্ম দেবার জন্য অনুরোধ করতে **1-800-FOR-VOTE** এখানে ফোন করুন।

অনলাইনে নিবন্ধন করতে, অনুগ্রহ করে www.ny.gov/services/register-vote ওয়েবসাইটটি দেখুন।

CASH#: _____

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য **ফী $60**

UID: _____ পূর্ববর্তী UID: _____ শ্রেণী: _____ কোড: _____

নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অব লাইসেন্সিং সার্ভিসেস
সিকিউরিটি গার্ড
পি.ও. বক্স 22052
আলবানি, NY 12201-2052
কাস্টমার সার্ভিস: (518) 474-7569
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | **Division of Licensing Services**

আরমার্ড কার গার্ড আবেদন

নির্দেশাবলী: ফর্মগুলি অবশ্যই নীল বা কালো কালিতে পূরণ করতে হবে। অসম্পূর্ণ ফর্মগুলি প্রক্রিয়া করা হবে না। এই ফর্মটি পূরণ করার বিষয়ে আরো নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 1 - 2 দেখুন।

আবেদনকারীর তথ্য

সোশ্যাল সিকিউরিটি নম্বর *(নির্দেশাবলী দেখুন-গোপনীয়তা বিজ্ঞপ্তি)* ___ - ___ - ___ **জন্ম তারিখ:** ___ (মাস) - ___ (দিন) - ___ (বছর)

আবেদনকারীর নাম:

শেষ নাম _____

প্রথম নাম _____ মধ্য নাম _____ নামের সাফিক্স *(উদাহরণস্বরূপ: Sr./Jr./III)* _____

উপনাম বা প্রাকবিবাহ নাম:

শেষ নাম _____

প্রথম নাম _____ মধ্য নাম _____ নামের সাফিক্স *(উদাহরণস্বরূপ: Sr./Jr./III)* _____

বাসস্থানের ঠিকানা

রাস্তার ঠিকানা (প্রয়োজনীয় - ডেলিভারি নিশ্চিত করতে পি.ও. বক্স নম্বর দিতে পারেন) _____

অ্যাপার্টমেন্ট/ইউনিট/পি.ও. বক্স _____

শহর _____

স্টেট _____ জিপ+4 _____

কাউন্টি (শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেটের ক্ষেত্রে লিখুন) _____

দেশ/রাষ্ট্র (উপরের ঠিকানার) _____

দিবাকালীন ফোন (এরিয়া কোড সহ) _____

ফ্যাক্স নম্বর - যদি থাকে (এরিয়া কোড সহ) _____

ইমেইল ঠিকানা (যদি থাকে) _____

DMV সম্মতি বিভাগ - আপনার ফটো আইডি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

NYS ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (DMV) এর সহযোগিতায়, ডিপার্টমেন্ট অফ স্টেট ফটো আইডি কার্ড তৈরি করে। যদি আপনার কাছে বর্তমানে একটি বৈধ NYS ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ড থাকে তাহলে নিচে প্রদত্ত জায়গায় অনুগ্রহ করে আপনার 9-সংখ্যার DMV আইডি নম্বর লিখুন। তারপর অবহিত সম্মতি পড়ুন এবং এই ফর্মে স্বাক্ষর করুন। আপনার যদি বর্তমানে NYS ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ড না থাকে তাহলে আবেদন সম্পূর্ণ করার আগে DMV অফিসে গিয়ে নিজের ছবি তোলান। আরও বিবরণের জন্য, আমাদের সংযুক্ত বিজ্ঞপ্তি, "ফটো আইডির জন্য অনুরোধ" দেখুন।

আরমার্ড কার গার্ড আবেদন

অবহিত সম্মতি: আমি NYS ডিপার্টমেন্ট অফ স্টেট এবং NYS ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসকে আমার DMV ফটো সহ একটি আইডি কার্ড তৈরি করার অনুমতি দিই। আমি বুঝি যে ডিপার্টমেন্ট অফ স্টেটের কাছে আমার ঠিকানায় DMV এই কার্ডটি পাঠাবে। আমি সচেতন যে যতক্ষণ পর্যন্ত আমি ডিপার্টমেন্ট অফ স্টেটের সাথে আমার লাইসেন্স/নিবন্ধন বজায় রাখব, ততক্ষণ ডিপার্টমেন্ট অফ স্টেট এবং DMV পরবর্তী সমস্ত আইডি কার্ড তৈরি করতে আমার DMV ফটো ব্যবহার করবে।

DMV ID# _____ - _____ - _____

X _____ _____

আবেদনকারীর স্বাক্ষর *স্বাক্ষরের তারিখ*

পৃষ্ঠভূমি সম্পর্কিত প্রশ্ন

"হ্যাঁ" বা "না" তে দাগ দিয়ে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন

1. আপনি কি বর্তমানে একজন সক্রিয় পুলিশ অফিসার? ☐ হ্যাঁ ☐ না
   → ***"হ্যাঁ" হলে,*** *আপনাকে স্ট্যাটাসের সার্টিফিকেশন অবশ্যই জমা দিতে হবে।*
2. আপনি কি একজন সক্রিয় পিস অফিসার যিনি উপযুক্ত আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ কোর্স শেষ করেছেন? ☐ হ্যাঁ ☐ না
   → ***"হ্যাঁ" হলে,*** *আপনাকে স্ট্যাটাসের সার্টিফিকেশন অবশ্যই জমা দিতে হবে।*
3. আপনি কি কখনো এই স্টেট-এ বা অন্য কোথাও এমন কোনো অপরাধ বা বেআইনি কাজের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন, যেটি একটি অপকর্ম বা গুরুতর অপরাধ? ☐ হ্যাঁ ☐ না
   → ***যদি "হ্যাঁ",*** *তাহলে আপনাকে অবশ্যই এই আবেদনের সাথে স্থান, আদালতের অধিকারক্ষেত্র, অপরাধের প্রকৃতি, সাজা এবং/অথবা অন্যান্য পরিণাম উল্লেখ করে একটি লিখিত ব্যাখ্যা জমা দিতে হবে। আপনাকে অবশ্যই এক্যুসেটোরি ইন্সট্রুমেন্ট (যেমন, ইনডাইটমেন্ট, অপরাধের তথ্য বা অভিযোগ)-এর একটি কপি এবং পরিণামের একটি সার্টিফিকেট প্রদান করতে হবে। যদি আপনার কাছে প্রতিবন্ধিতা থেকে অব্যাহতির সার্টিফিকেট, ভালো আচরণের সার্টিফিকেট বা রাষ্ট্রপতির ক্ষমা থাকে বা পেয়ে থাকেন তাহলে আপনাকে অবশ্যই তার একটি কপি এই আবেদনের সাথে জমা দিতে হবে।*
4. এই স্টেট বা অন্য কোনো জায়গায় কি আদালতে আপনার বিরুদ্ধে কোনো অপরাধের অভিযোগ (অপকর্ম বা অপরাধ) অমিমাংসিত আছে? ☐ হ্যাঁ ☐ না
   → ***যদি হ্যাঁ,*** *তাহলে আপনাকে অবশ্যই এক্যুসেটোরি ইন্সট্রুমেন্ট (যেমন, ইনডাইটমেন্ট, অপরাধের তথ্য বা অভিযোগ)-এর একটি কপি জমা করতে হবে।*
5. আপনাকে বা নিউ ইয়র্ক স্টেটে বা অন্য কোথাও এমন কোনো কোম্পানি, যেখানে আপনি প্রিন্সিপাল আছেন বা ছিলেন, কে কি কখনো জারি করে থাকা লাইসেন্স বা পারমিট প্রত্যাহার, স্থগিত বা অস্বীকার করা হয়েছে? ☐ হ্যাঁ ☐ না
   → ***যদি "হ্যাঁ",*** *তবে আপনাকে কোনো কারণ জমা দিতে হবে।*
6. আপনাকে কি কখনও প্রশাসনিক শুনানি কর্মকর্তা, প্রশাসনিক আইন বিচারক, সালিস, সালিসি প্যানেল, বা অন্য যথাযথভাবে গঠিত ট্রাইব্যুনালের এখতিয়ারের আদালত দ্বারা বিবেচিত অসদাচরণ বা অযোগ্যতার অভিযোগে অভিযুক্ত হয়ে কোনো সংশোধনমূলক বা আইন প্রয়োগকারী সংস্থা থেকে বরখাস্ত করা হয়েছে,? ☐ হ্যাঁ ☐ না
   → ***যদি "হ্যাঁ",*** *তবে আপনাকে কোনো কারণ জমা দিতে হবে।*
7. আপনি কি কখনও এই রাজ্যে বা অন্য কোথাও আরমার্ড কার গার্ড, আরমার্ড কার বাহক, সিকিউরিটি গার্ড, গার্ড, প্রহরী, বা নজরদারি সংস্থা, বেইল এনফোর্সমেন্ট এজেন্ট, বা গোয়েন্দা হিসাবে নিবন্ধন/ লাইসেন্সের জন্যে আবেদন করেছেন? ☐ হ্যাঁ ☐ না
   → ***যদি "হ্যাঁ",*** *অনুগ্রহ করে UID # বা নিবন্ধন# প্রদান করুন।* _____

চাইল্ড সাপোর্ট বিবৃতি

এই আবেদনে স্বাক্ষর করার অর্থ হল, আমি সার্টিফাই করছি যে আবেদন করার তারিখ থেকে, চাইল্ড সাপোর্ট প্রদান করার জন্য কোনো বাধ্যবাধকতা আমার নেই **অথবা** চাইল্ড সাপোর্ট প্রদান করার ক্ষেত্রে আমার যদি কোনো রকম বাধ্যবাধকতা থেকে থাকে তাহলে চার বা তার বেশি মাস পর্যন্ত আমার কোনো চাইল্ড সাপোর্ট বকেয়া নেই বা আমার বেতন থেকে সরাসরি কেটে নেওয়া হয় অথবা আদালতে অর্থপ্রদানের বিষয়ে হওয়া সহমত বা উভয় পক্ষের মধ্যে অর্থপ্রদানের বিষয়ে হওয়া সহমতের ভিত্তিতে অর্থপ্রদান করছি অথবা আমার চাইল্ড সাপোর্ট সংক্রান্ত বাধ্যবাধকতা আদালতের সিদ্ধান্ত সাপেক্ষ অথবা আমি সরকারি সহায়তা বা সাপ্লিমেন্টাল নিরাপত্তা উপার্জন লাভ করছি।

আবেদনকারীর নিশ্চিতকরণ

শপথভঙ্গের শাস্তির অধীনে আমি নিশ্চিত করি যে, এই আবেদনে ব্যক্ত করা বিবৃতি সত্য এবং সঠিক। আমি আরো নিশ্চিত করছি যে আমি সাধারণ ব্যবসায়িক আইনের ধারা 8C-এর বিধান এবং এর অধীনে প্রণীত নিয়ম ও প্রবিধানগুলি পড়েছি এবং বুঝেছি।

X

_____ _____

আবেদনকারীর স্বাক্ষর *স্বাক্ষরের তারিখ*

স্পষ্টভাবে নাম লিখুন: _____

আপনি আপনার লাইসেন্স সংক্রান্ত পুনর্নবীকরণ বিজ্ঞপ্তি এবং অন্য কোনো বিজ্ঞপ্তি পান তা নিশ্চিত করার জন্য, আপনার ঠিকানায় যেকোনো পরিবর্তনের বিষয়ে আপনি NYS ডিপার্টমেন্ট অফ স্টেটকে অবহিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি এই আবেদনটি ডাকযোগে পাঠানোর আগে প্রয়োজনীয় কাগজপত্র এবং NYS ডিপার্টমেন্ট অফ স্টেটের অফেরতযোগ্য আবেদন ফি অন্তর্ভুক্ত করেছেন। *(সঠিক ডাক ঠিকানা এই আবেদনের সামনে লেখা রয়েছে।)*